বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
বার্ষিক কর্ম-সম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণীঃ

সভাপতি	প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন সদস্য ও আহবায়ক ইনোভেশন টিম
সভার তারিখ	২৪/০৮/২০২৩ খ্রি
সভার সময়	বিকাল ২.৩০ ঘটিকা
স্থান	সভা কক্ষ (৬ষ্ঠ তলা), ইউজিসি ভবন, ঢাকা।
উপস্থিতি	পতাকা-ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য কমিশনের ইনোভেশন টিমের সদস্য-সচিব ও ফোকাল-পয়েন্ট জনাব দ্বিজেন্দ্র চন্দ্র দাসকে নির্দেশ প্রদান করেন।

সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪** এ ৫০ নম্বরের কার্যক্রম রয়েছে যার কর্মসম্পাদন সূচক, একক, মান ও লক্ষ্যমাত্রা মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত। কর্মপরিকল্পনায় বর্ণিত সকল কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে যথাযথভাবে বাস্তবায়িত হলে ৫০ নম্বর অর্থাৎ ১০০% অর্জন হবে। এই ৫০ নম্বর অর্জনের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে ওয়েটেজ যুক্ত হবে ১০ নম্বর। এ কারণে প্রতিটি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা আবশ্যক। পরবর্তীতে সকলের সক্রিয় অংশগ্রহনে আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতভাবে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী ০১। কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর বাস্তবায়ন অগ্রগতী পর্যালোচনা, করণীয় নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্তসমূহ:

কর্ম-সম্পাদন সূচক	লক্ষ্যমাত্রা ২০২৩-২৪	গৃহীত সিদ্ধান্ত	বাস্তাবায়নের সম্ভাব্য তারিখ / টার্গেট
১	২	৩	৪
[১.১.১] সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে নূন্যতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত	১৬/০৩/২০২৪ খ্রি:	১। পত্রের মাধ্যমে কমিশনের বিভিন্ন বিভাগ হতে আইডিয়া সংগ্রহ করা হবে। ২। আইডিয়াসমূহ বাছাইপূর্বক আহবায়ক মহোদয়ের নিকট জমা প্রদানের জন্য ড. মো: ফখরুল ইসলাম, পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ডপাবলিকেশন বিভাগ ও জনাব দ্বিজেন্দ্র চন্দ্র দাস, সিনিয়র সহাকারী পরিচালক(অতিরিক্ত দায়িত্ব) কে দায়িত্ব প্রদান করা হয়।	ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি:
[২.১.১] ইতোপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যহত রাখা।	৪ (বছরে চার বার)	মন্ত্রী পরিষদ বিভাগ কতৃক নির্ধারিত ছক অনুযায়ী পূর্বে তৈরিকৃত ডাটাবেজ হালনাগাদ করা বা না থাকলে তৈরি করা।	২৯/০৯/২০২৩ খ্রি: ২৯/১২/২০২৩ খ্রি: ২৯/০৩/২০২৪ খ্রি: ২৯/০৬/২০২৪ খ্রি:

[৩.১.১] আওতাধীন অসিসমূহের অংশগ্রহনে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শণী (শোকেসিং) শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত।	০৯/০৫/২০২৪ খ্রি:	১। ২০২৪ সালের মার্চ মাসে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের প্রতিনিধি, কমিশনের প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের প্রতিনিধিগণের অংশগ্রহণে একটি ইনোভেশন প্রদর্শনী(শোকেসিং) এর আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মার্চ, ২০২৪ খ্রি:
[৪.১.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	৮০%	আইএমসিটি বিভাগ থেকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	৯০%
[৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত	৪ (বছরে চার বার)	১। আইএমসিটি বিভাগে সংশ্লিষ্ট শাখা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ২। আইএমসিটি বিভাগে সংশ্লিষ্ট শাখা তথ্য বাতায়ন হালনাগাদকরণের প্রতিবেদন প্রতি তিন মাস পর পর ইনোভেশন টিম এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক উচ্চশিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করবে।	২৯/০৯/২০২৩ খ্রি: ২৯/১২/২০২৩ খ্রি: ২৯/০৩/২০২৪ খ্রি: ২৯/০৬/২০২৪ খ্রি:
[৫.১.২] আওতাধীন অফিসমূহের তথ্য বাতায়ন হালনাদাকরণ নিশ্চিতকরণ।	৪ (বছরে চার বার)	১। সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ব্যবস্থা গ্রহণ করবে। ২। ইনোভেশন শাখা হতে ত্রৈমাসিক রিপোর্টে তথ্য বাতায়ন হালনাগাদকরন সংক্রান্ত তথ্য সংযোজনের অনুরোধ জানানো হবে।	২৯/০৯/২০২৩ খ্রি: ২৯/১২/২০২৩ খ্রি: ২৯/০৩/২০২৪ খ্রি: ২৯/০৬/২০২৪ খ্রি:
[৬.১.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত	৪ (৪ টি)	ঢাকা, চট্টগাম, রাজশাহী এবং খুলনা শহরে অথাবা কোন উপযুক্ত স্থানে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি এবং কমিশনের প্রতিনিধিদের নিয়ে স্মার্ট বাংলাদেশ বির্নির্মাণ বিষয়ক ৪টি কর্মশালা/সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	নভেম্বর, ২০২৩ খ্রি: ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি: এপ্রিল, ২০২৪ খ্রি: মে, ২০২৪ খ্রি:
[৬.১.২] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্ম-পরিকল্পনা প্রণয়নকৃত	২৫/০৩/২০২৪ খ্রি:	১। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক একটি কর্ম-পরিকল্পনা প্রণয়ন পূর্বক ০৫/১২/২০২৩ইং তারিখের মধ্যে ইনোভেশন কমিটির আহবায়ক মহোদয়ের নিকট জমা প্রদানের জন্য নিম্নের ০৫ সদস্য বিশিষ্ট একটি উপ-কমিটি গঠনে করার সিদ্ধান্ত গৃহীত হয়:	০৫ ই ডিসেম্বর, ২০২৩
		১. ড. মো: ফখরুল ইসলাম, পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম - আহবায়ক	
		২. জনাব তাহমিনা রহমান অতিরিক্ত পরিচালক আইএমসিটি বিভাগ - সদস্য	
		৩. জনাব মো: শাহীন সিরাজ, অতিরিক্ত পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম - সদস্য	
		৪. জনাব প্রবীর চন্দ্র দাস, সহ: সচিব, সদস্য মহোদয়ের দপ্তর ও সদস্য, ইনোভেশন টিম - সদস্য	
		৫. জনাব নূরী শাহরীন ইসলাম, সহকারী পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম - সদস্য সচিব	

আলোচনা-২: কমিশনের আওতাধীন পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বার্ষিক অর্জন মূল্যায়ণ বিষয়ে আলোচনা।

সিদ্ধান্ত: এপিএ মূল কমিটির নির্দেশানায় আগামী ২৮/০৮/২৩ ইং তারিখে কমিশনের আওতাধীন বিশ্ববিদ্যালয়সমূহের ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২২-২৩

এর বার্ষিক স্ব-মূল্যায়ণ প্রতিবেদন পর্যালোচনা এবং পর্যালোচনান্তে ফিডব্যাক প্রদান ও প্রমাণক সংরক্ষণ সংক্রান্ত এক কর্মশালা আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালায় ইনোভেশন টিমের সকল সদস্য উপস্থিত থাকবেন।

আলোচ্যসূচি-৩: বিবিধ।

সিদ্ধান্ত: ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য সচেতনতা, সক্ষমতা এবং দক্ষতা বৃদ্ধির জন্য ন্যূনতম ০১টি প্রশিক্ষনের আয়োজন করার সিদ্ধন্ত গৃহিত হয়।

সংযুক্তি: পতাকা-ক (উপস্থিতির তালিকা)

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯-০৮-২০২৩
প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন
সদস্য ও আহবায়ক ইনোভেশন টিম

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৭.০১.০০০০.০৫৫.৫৬.০০২.২৩.১১০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;

২। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদনা, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা , বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৩। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;

৫। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, ইনফরমেশন ম্যানেজমেন্ট শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটে ইনোভেশন সেবাবক্সে আপলোডের অনুরোধ সহ);

৬। সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং

৭। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

২৯-০৮-২০২৩
দ্বিজেন্দ্র চন্দ্র দাস
সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি এবং সিনিয়র সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সকল সংযুক্তিসমূহ:

(১) Attendence

(২) পতাকা-খ

(৩) পতাকা-ক